



বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা-১৩৪১

সভাপতি	ড. নাসরিন সুলতানা প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
সভার তারিখ	২৬/১০/২০১৭ খ্রিঃ
সভার সময়	বেলা ৩.০০ ঘটিকা
স্থান	প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২৬/১০/২০১৭ খ্রিঃতারিখে অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

গত ২৬/১০/২০১৭ খ্রিঃ তারিখ বেলা ৩:০০ ঘটিকায় ইনোভেশন অফিসার ড. নাসরিন সুলতানা এর সভাপতিত্বে বিএলআরআই ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা নিম্নরূপ।

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১।	ড. মোঃ আবদুল জলিল, মেন্টর, ইনোভেশন টিম	পিএসও ও বিভাগীয় প্রধান	স্বাক্ষরিত
০২।	জনাব মোঃ লুৎফুল হক, সদস্য, ইনোভেশন টিম	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০৩।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, সদস্য, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৪।	ড. মোঃ ছাদেক আহমেদ, সদস্য, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৫।	ডা. এ.এস.এম. আসহাব উদ্দীন, সদস্য, ইনোভেশন টিম	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত

সভাপতি, সভায় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ ও ইনোভেশন টিমের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন পর্যালোচনা করা হয়। সভায় নিম্নোক্ত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

আলোচনা/সিদ্ধান্ত/সুপারিশঃ

১। নতুন ইনোভেশন আইডিয়া জমা দানের জন্য সকল বিজ্ঞানীর নিকট পুনরায় চিঠি ও ক্ষুদ্রে বার্তা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। বিজ্ঞানীদের নিকট হতে আইডিয়া প্রাপ্তি সাপেক্ষে ইনোভেশন প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের জন্য প্রশিক্ষার্থী নির্বাচন করার সিদ্ধান্ত হয়। এছাড়া বিএলআরআই এর সমন্বয় সভায় বিষয়টি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। আগামী ৩১/১০/২০১৭ খ্রিঃ তারিখে ইনোভেশন টিমের বিশেষ সভায় মন্ত্রণালয় কর্তৃক আয়োজিতব্য উদ্ভাবনী মেলার শোকেসিং সংক্রান্ত বিষয়াদি এবং এটুআই এ দাখিলকৃত ইনোভেশন প্রস্তাবনা উপস্থাপনের সিদ্ধান্ত হয়। এখানে উল্লেখ্য যে, উক্ত উপস্থাপনায় জনাব মোঃ আহসানুল কবির ও জনাব মোঃ ফয়জুল হোসাইন মিরাজ, বৈজ্ঞানিক কর্মকর্তা অংশগ্রহণ করবেন।

৩। “ডিজিটাল বাংলাদেশ-২০১৭” এ বিএলআরআই এর অংশগ্রহণ এবং এর প্রস্তুতির বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে বিস্তারিত আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। গরু হস্টপুস্টকরণ বিষয়ে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পরিলক্ষিত না হওয়ায় এ সংক্রান্ত পান্ডুলিপি চূড়ান্তকরণের দায়িত্বভার ড. নাসরিন সুলতানা, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান, প্রাণি উৎপাদন গবেষণা বিভাগ (অতিরিক্ত দায়িত্ব) এবং তাঁর আওতাধীন বিভাগের নিকট অর্পণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. নাসরিন সুলতানা
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.৩০৮.০৬.০০২.১৭.১৪১

তারিখ: ১৬ কার্তিক ১৪২৪
৩১ অক্টোবর ২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্ম-সচিব, ব্লু-ইকোনমি অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) সকল বিভাগীয় প্রধান
- ৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৪) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৫) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৬) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৭) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৮) বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৯) মোঃ ফয়জুল হোসাইন মিরাজ, বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ১০) পিএ, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

ড. নাসরিন সুলতানা
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা